আলমডাঙ্গার পুটিমারী বাজারে মুদি দোকানে চুরি

আলমডাঙ্গা উপজেলা পুটিমারী বাজারে আনিছ ষ্টোর নামে এক মুদি দোকানে তালা ভেঙ্গে নগত ও দেড় লাখ টাকার মালামাল চুরি করে নিয়ে গেছে।

আজ মঙ্গলবার মধ্যরাতে জেহালা ইউনিয়নের পুটিমারী বাজারে এ চুরির ঘটনা ঘটে। ওই ঘটনায় ভুক্তভোগী বাদি হয়ে আলমডাঙ্গা থানায় একটি সাধারণ ডায়েরি করেছে।

জানাগেছে, উপজেলার জেহালা ইউনিয়নের ছোট পুটিমারী গ্রামের আলী আসমানের ছেলে আনিছুর রহমান (৪০) তিনি পুটিমারী বাজারে মুদি দোকান ব্যবসা করেন। গতকাল সোমবার রাতে দোকানে তালা মেরে বাড়িতে চলে যায়। গভির রাতে চোরচক্রের সদস্যরা দোকানের তালা ভেঙে নগত টাকা ও মালামাল চুরি করে নিয়ে যায়।

আজ মঙ্গলবার সকালে দোকান মালিক আনিছুর দোকান খুলতেই তালা ভাঙা দেখতে পান। দোকানে প্রবেশ করেই মালামাল এলোমেলো ভাবে পড়ে রয়েছে ও দোকানের ক্যাশের তালা ভাঙা। এসব দেখে দোকান মালিক আনিছুর ভেঙে পড়ে। চুরির ঘটনায় আনিছুর বাদি হয়ে আলমডাঙ্গা থানায় সাধারণ ডায়েরি করেছেন।